গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ
belkuchi.sirajgnj.gav.bd

স্মারক নং ঃ ০৫.৪৩.৮৮১১.০০১.৩৩.০০৫.২০-২০৭

তারিখ ঃ ১৬ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ.
৩০ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

## "১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী বেলকুচি উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত নিম্নোক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে নিম্নলিখিত ক্যালেন্ডার ও শর্ত সাপেক্ষে প্রতিটি হাটের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

আগ্রহী দরদাতাগণ দরপত্র ফরম জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সোনালী ব্যাংক, সোহাগপুর শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করতে পারবেন। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত দিনে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র জমা দেয়া যাবে। একই দিন বিকেল ৩.০০টায় দরদাতাগনের উপস্থিতি (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

### ক্যালেন্ডার

**হাট-বাজারের নাম, দরপত্র দাখিলের তারিখ, সময়সূচী নিম্নরূপঃ**

| ক্রঃনং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | দরপত্র ফরমের মূল্য (অফেরত যোগ্য) | দরপত্র দাখিলের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম পর্যায় | ২য় পর্যায় | ৩য় পর্যায় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | মুলকান্দি হাট | বেলকুচি | ১৭৭১/- | ৫০০/- | ২৩/০২/২০২২ | ১৪/০৩/২০২২ | ৩০/০৩/২০২২ |
| ২ | রানিপুরা নতুন বাজার | " | ৭৬৪/- | ৫০০/- | " | " | " |
| ৩ | দেলুয়া নতুন বাজার | " | ৬৩৬/- | ৫০০/- | " | " | " |
| ৪ | জয়গনেছা হাট-বাজার | " | ১,৮৮১/- | ৫০০/- | " | " | " |
| ৫ | রান্ধুনীবাড়ী হাট-বাজার | রাজাপুর | ১,৪৯,৬৩৯/- | ১,২০০/- | " | " | " |
| ৬ | সমেশপুর হাট-বাজার | " | ১১,৩১,৪৯০/- | ৩,০০০/- | " | " | " |
| ৭ | তামাই দৈনিক বাজার | ভাঙ্গাবাড়ী | ১,২২,১৮১/- | ৫০০/- | " | " | " |
| ৮ | তামাই পশ্চিমপাড়া নতুন হাট | " | ৪২,৮৫৬/- | ৫০০/- | " | " | " |
| ৯ | সগুনা নতুন হাট | " | ১২,২২৯/- | ৫০০/- | " | " | " |
| ১০ | গুমূর্খী হাট বাজার | দৌলতপুর | ১,৯৩,১৪৩/- | ১,০০০/- | " | " | " |
| ১১ | গোপালপুর বটতলা হাটবাজার | " | ৪,৬৩,৪১৫/- | ১,৬০০/- | " | " | " |
| ১২ | দৌলতপুর হাটবাজার | " | ১,৭৭,৩৯২/- | ১,০০০/- | " | " | " |
| ১৩ | আজগড়া হাট | " | ১,৪৪,৬৮২/- | ১,০০০/- | " | " | " |
| ১৪ | বারুপুর হাট | " | ১,০৭৪/- | ৫০০/- | " | " | " |
| ১৫ | মতি মার্কেট দৈন্দিক বাজার | " | ১,৭৫,৩৫১/- | ১,০০০/- | " | " | " |
| ১৬ | পেস্তক সালাম মার্কেট | " | ৯১,২৫৮/- | ৫০০/- | " | " | " |
| ১৭ | ধুকুরিয়াবেড়া হাট-বাজার | ধুকুরিয়াবেড়া | ২,৭৬,৩৮৪/- | ১,২০০/- | " | " | " |
| ১৮ | কল্যাণপুর হাট বাজার | " | ৬,৪৮,৯১৩/- | ২,০০০/- | " | " | " |
| ১৯ | খামার উল্লাপাড়া হাট-বাজার | " | ২,২৪,৩১০/- | ১,২০০/- | " | " | " |
| ২০ | ধুকুরিয়া হাট-বাজার | " | ১০,০৬৮/- | ৫০০/- | " | " | " |
| ২১ | মবুপুর হাট-বাজার | " | ১,১৮,৮৭৭/- | ১,০০০/- | " | " | " |
| ২২ | কলাগাছি হাট-বাজার | " | ৮,১৪৩/- | ৫০০/- | " | " | " |
| ২৩ | ক্ষিদ্রচাপড়ী/গাছচাপড়ী হাট-বাজার | বড়ধুল | ৮০৮/- | ৫০০/- | " | " | " |

**উল্লেখ্য, ১ম পর্যায়ের দাখিলকৃত দরপত্রে কোন হাট-বাজার অনুমোদিত হলে ২য় পর্যায়ে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং ২য় পর্যায়ে দাখিলকৃত দরপত্রে কোন হাট-বাজার অনুমোদিত হলে ৩য় পর্যায়ে ঐ হাট-বাজাটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।**

**হাট-বাজার ইজারার শর্তাবলীঃ**

১। বাংলা ১৪২৯ সালের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফশীলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে, অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে দরপত্রদাতা সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে ।

৬। এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত সিডিউল অন্য দফার জন্য ব্যবহার করা যাবে না ।

৭। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না ।

৮। দরপত্রে উল্লেখিত দরপত্র দাতার নাম, পিতার নাম ও পূর্ন ঠিকানা, মোবাইল নং সহ স্বাক্ষর করতে হবে এবং দরপত্রে উল্লেখিত ইজারা মূল্য অংকে ও কথায় সুস্পষ্ট ভাবে লিখতে হবে।

৯। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১০। ইজারার সমস্ত অর্থ ভ্যাট আয়কর সহ পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পের ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা তধোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার পরিস্কার পরিচ্ছন্নতা না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে প্রদেয় জামানত হতে মিটানো হবে এবং বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে ।

১৩। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

১৪। চুক্তি পত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৫। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৬। সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধি বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন সময়ে ইজারার বিষয়ে কোন নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

১৭। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবি আদায় আইন অনুযায়ি সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ আনিসুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ

স্মারক নং ঃ ০৫.৪৩.৮৮১১.০০১.৩৩.০০৫.২০-৯০৭/৯(১৫০) তারিখ ঃ ৩০/০১/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক), সিরাজগঞ্জ
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ

অনুলিপি কার্যার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ

৯। মেয়র, বেলকুচি পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ
১০। উপজেলা নির্বাহী অফিসার--------------------(সকল), সিরাজগঞ্জ
১১। সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ
১২। উপজেলা.......................................অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ
১৩। অফিসার ইনচার্জ, বেলকুচি/এনায়েতপুর থানা, সিরাজগঞ্জ
১৪। চেয়ারম্যান.............................ইউ,পি (সকল) বেলকুচি, সিরাজগঞ্জ
১৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, সোহাগপুর শাখা, বেলকুচি, সিরাজগঞ্জ
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..............................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ। তার এলাকায় হাট-বাজার সমূহের ব্যাপক ঢোল সহরতের মাধ্যমে প্রচার পূর্বক জারির প্রতিবেদন দরপত্র গ্রহণের তারিখের পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য বলা হলো ।
১৭। সম্পাদক, -------------------------------------------- পত্রিকা। অত্র বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে বিজ্ঞপ্তি প্রাপ্তির ৩(তিন) দিনের মধ্যে ১ (এক) দিনের জন্য প্রকাশ করত সৌজন্য কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৮। জনাব ------------------------------------------ইজারাদার ১৪২৮ বাংলা সনের------------------------হাট-বাজার, বেলকুচি, সিরাজগঞ্জ
১৯। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ

D:\Najir\1429Hat-bazar\Hat -1429.doc